প্রথম আলো

তারিখ ... 17 SEP 2017 ...
পৃষ্ঠা ... কলাম ...

### সিলেটে বোটানি অলিম্পিয়াড

# শিক্ষার্থীদের বিজ্ঞানমনস্ক করে তুলতে হবে

নিজস্ব প্রতিবেদক, সিলেট ●

পৃথিবীকে নেতৃত্ব দিতে হলে শিক্ষার্থীদের বিজ্ঞানচর্চা করে এগিয়ে যেতে হবে। দেশ ও জাতির কল্যাণে শিক্ষার্থীদের বিজ্ঞানমনস্ক করে তুলতে হবে। উদ্ভিদবিজ্ঞানকে জানা ও গবেষণায় সমৃদ্ধ করার জন্য আত্মপ্রত্যয়ী হতে হবে।

সিলেটের এমসি কলেজে গতকাল শনিবার অনুষ্ঠিত বোটানি অলিম্পিয়াড অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেছেন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক স্বপন কুমার রায়।

সিলেটের এমসি কলেজের উদ্ভিদবিজ্ঞান বিভাগের উদ্যোগে এবং বাংলাদেশ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের আয়োজনে দেশে প্রথমবারের মতো বোটানি অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়। এতে সহযোগিতা করে বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটি।

জাতীয় পতাকা ও বাংলাদেশ বোটানি অলিম্পিয়াড পতাকা উত্তোলন, মশাল প্রজ্বালন ও বেলুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন ঘোষণা করা হয়। সিলেট বিভাগের ২৭টি কলেজের প্রায় ৮০০ শিক্ষার্থীর অংশগ্রহণে কলেজ মিলনায়তনে উদ্বোধনী অনুষ্ঠানে স্বপন কুমার রায় প্রধান অতিথির বক্তব্য দেন। অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক মো. আবদুল আজিজ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক মো. আজিজুর রহমান, মাধ্যমিক উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের (মাউশি) সিলেট অঞ্চলের পরিচালক মো. হারুনুর রশীদ, বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটির সাধারণ সম্পাদক অধ্যাপক শেখ শামীমুল আলম বিশেষ অতিথির বক্তব্য দেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এমসি কলেজের অধ্যক্ষ নিতাই চন্দ্র চন্দ। স্বাগত বক্তব্য দেন এমসি কলেজের উদ্ভিদবিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান ও বাংলাদেশ বোটানি অলিম্পিয়াড ২০১৭ সিলেট বিভাগের আহ্বায়ক মো. নেছাওর মিয়া। অনুষ্ঠান সঞ্চালনা করেন এমসি কলেজের উদ্ভিদবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক শাহনাজ বেগম।

অনুষ্ঠানের দ্বিতীয় অধিবেশনে অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়। এতে স্বাগত বক্তব্য দেন বাংলাদেশ বোটানি অলিম্পিয়াড সিলেট বিভাগের সদস্যসচিব অধ্যাপক মাজহারুল ইসলাম। পরীক্ষা পর্ব শেষে শিক্ষার্থীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন অতিথিরা। পরে ফলাফল ঘোষণা করা হয়। অলিম্পিয়াডে বিজয়ী ১০ জন শিক্ষার্থীর হাতে সম্মাননা ক্রেস্ট ও সার্টিফিকেট তুলে দেওয়া হয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................
পরিসংখ্যান বিভাগ
...এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে